



মহামারির মতো চাঁদাবাজি ছড়িয়ে পড়ছে দেশে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম : সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম অভিযোগ করেছেন, দেশে চাঁদাবাজি এখন মহামারির রূপ নিয়েছে। সমাজ ও রাষ্ট্রকে এই ব্যাধি থেকে রক্ষায় সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন তিনি।

দেশে চাঁদাবাজি এখন মহামারির মতো ছড়িয়ে পড়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

মঙ্গলবার (৮ জুলাই) রাতে বৃষ্টি উপেক্ষা করে মেহেরপুরের মুজিবনগরে এনসিপির উপজেলা কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

নাহিদ ইসলাম বলেন, “চাঁদাবাজি এখন যেন রাষ্ট্রীয় ব্যর্থতার প্রতিচ্ছবি হয়ে উঠেছে। এ থেকে পরিত্রাণ পেতে হলে সমাজের প্রতিটি স্তর থেকে সচেতন নাগরিকদের জেগে উঠতে হবে।”

তিনি আরও বলেন, “এলাকার ছোট ছোট পরিবর্তনই দেশব্যাপী ইতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই সমস্যা চিহ্নিত করে স্থানীয় পর্যায়ে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন— এনসিপির মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দিন পাটওয়ারী, কেন্দ্রীয় যুগ্ম সমন্বয়ক ও মেহেরপুর জেলা প্রধান সমন্বয়ক এডভোকেট সাকিল আহমেদ, কেন্দ্রীয় সদস্য সোহেল রানা, উপজেলা প্রধান সমন্বয়ক আল মামুন সেন্টু, এবং স্থানীয় নেতৃবৃন্দ।

এসময় বক্তারা মেহেরপুরসহ দেশব্যাপী সাংগঠনিক কার্যক্রম আরও জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন।